

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৬

২০ এপ্রিল ২০১০
তারিখ : -----
০৭ বৈশাখ ১৪১৭

বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক-কোম্পানী।

প্রিয় মহোদয়,

ব্যাংকের প্রধান নির্বাহী নিযুক্তির বিধি-বিধান প্রসঙ্গে।

ব্যাংক-কোম্পানীর প্রধান নির্বাহী ও উপদেষ্টা নিযুক্তির বিধি-বিধান সম্পর্কিত বিআরপিডি সার্কুলার লেটার নং ০৩, তারিখঃ ০১ ফেব্রুয়ারী ২০০৬ এর ৪ নং অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ব্যাংকের সাধারণ কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে উৎসাহ বোনাস প্রদান সাপেক্ষে ব্যাংকের প্রধান নির্বাহী উৎসাহ বোনাস প্রাপ্য হবেন। তবে শর্ত থাকে যে, প্রধান নির্বাহীর অনুকূলে প্রদেয় ঐরূপ বোনাস বছরে ১০(দশ) লক্ষ টাকার বেশী হবে না।

এ ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার লেটার নং-০৩, তারিখঃ ০১ ফেব্রুয়ারী ২০০৬ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এই সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সোহরাওয়ার্দী)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১১৭৮২৫